স্থগিত পরীক্ষাসমূহের সময়সূচি

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা


লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০২৩৩৪৪০৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd


স্মারক নং : উমা/পরী/সাধারণ/১৩/২০২৪/২০৭৫ তারিখ : ১৫/০৮/২০২৪ খ্রি.

## ২০২৪ সনের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার স্থগিত পরীক্ষাসমূহের সময়সূচি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে, কুমিল্লা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ডের ২০২৪ সনের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার স্থগিত পরীক্ষাসমূহ নিচের সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিশেষ প্রয়োজনে বোর্ড কর্তৃপক্ষ এ সময়সূচি পরিবর্তন করতে পারবে।

| সময় ঃ সকাল ১০টা হতে বেলা ১টা | বিষয় কোড | তারিখ ও দিন | সময় ঃ বেলা ২টা হতে বিকেল ৫টা | বিষয় কোড |
|---|---|---|---|---|
| বিষয় ও পত্র | | | বিষয় ও পত্র | |
| ১. ভূগোল (তত্ত্বীয়) ২য় পত্র | ১২৬ | ১১/০৯/২০২৪<br>বুধবার | ১. আরবি ২য় পত্র<br>২. পালি ২য় পত্র | ১৩৪<br>১৪০ |
| ১. রসায়ন (তত্ত্বীয়) ১ম পত্র<br>২. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ১ম পত্র (মানবিক শাখা)<br>৩. ইতিহাস ১ম পত্র<br>৪. উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ১ম পত্র | ১৭৬<br>২৬৭<br>৩০৪<br>২৮৬ | ১২/০৯/২০২৪<br>বৃহস্পতিবার | × | × |
| ১. রসায়ন (তত্ত্বীয়) ২য় পত্র<br>২. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ২য় পত্র (মানবিক শাখা)<br>৩. ইতিহাস ২য় পত্র<br>৪. উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ২য় পত্র | ১৭৭<br>২৬৮<br>৩০৫<br>২৮৭ | ১৫/০৯/২০২৪<br>রবিবার | × | × |
| ১. অর্থনীতি ১ম পত্র<br>২. প্রকৌশল অংকন ও ওয়ার্কশপ প্র্যাকটিস ১ম পত্র | ১০৯<br>১৮০ | ১৭/০৯/২০২৪<br>মঙ্গলবার | × | × |
| ১. অর্থনীতি ২য় পত্র<br>২. প্রকৌশল অংকন ও ওয়ার্কশপ প্র্যাকটিস (তত্ত্বীয়) ২য় পত্র, ঐচ্ছিক-২ | ১১০<br>১৮২ | ১৯/০৯/২০২৪<br>বৃহস্পতিবার | × | × |
| ১. পৌরনীতি ও সুশাসন ১ম পত্র<br>২. জীববিজ্ঞান (তত্ত্বীয়) ১ম পত্র<br>৩. ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ১ম পত্র | ২৬৯<br>১৭৮<br>২৭৭ | ২২/০৯/২০২৪<br>রবিবার | × | × |
| ১. পৌরনীতি ও সুশাসন ২য় পত্র<br>২. জীববিজ্ঞান (তত্ত্বীয়) ২য় পত্র<br>৩. ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ২য় পত্র | ২৭০<br>১৭৯<br>২৭৮ | ২৪/০৯/২০২৪<br>মঙ্গলবার | × | × |
| ১. মনোবিজ্ঞান (তত্ত্বীয়) ১ম পত্র<br>২. কৃষি শিক্ষা (তত্ত্বীয়) ১ম পত্র | ১২৩<br>২৩৯ | ২৬/০৯/২০২৪<br>বৃহস্পতিবার | ১. পরিসংখ্যান (তত্ত্বীয়) ১ম পত্র | ১২৯ |
| ১. মনোবিজ্ঞান (তত্ত্বীয়) ২য় পত্র<br>২. কৃষি শিক্ষা (তত্ত্বীয়) ২য় পত্র | ১২৪<br>২৪০ | ২৯/০৯/২০২৪<br>রবিবার | ১. পরিসংখ্যান (তত্ত্বীয়) ২য় পত্র | ১৩০ |
| ১. উচ্চতর গণিত ১ম পত্র<br>২. ইসলাম শিক্ষা ১ম পত্র | ২৬৫<br>২৪৯ | ০১/১০/২০২৪<br>মঙ্গলবার | ১. গার্হস্থ্য বিজ্ঞান ১ম পত্র<br>২. সংস্কৃত ১ম পত্র | ২৭৩<br>১৩৭ |
| ১. উচ্চতর গণিত ২য় পত্র<br>২. ইসলাম শিক্ষা ২য় পত্র | ২৬৬<br>২৫০ | ০৩/১০/২০২৪<br>বৃহস্পতিবার | ১. গার্হস্থ্য বিজ্ঞান ২য় পত্র<br>২. সংস্কৃত ২য় পত্র | ২৭৪<br>১৩৮ |
| ১. ফিন্যান্স ব্যাংকিং ও বিমা ১ম পত্র | ২৯২ | ০৬/১০/২০২৪<br>রবিবার | ১. সমাজবিজ্ঞান ১ম পত্র<br>২. সমাজকর্ম ১ম পত্র | ১১৭<br>২৭১ |
| ১. ফিন্যান্স ব্যাংকিং ও বিমা ২য় পত্র | ২৯৩ | ০৮/১০/২০২৪<br>মঙ্গলবার | ১. সমাজবিজ্ঞান ২য় পত্র<br>২. সমাজকর্ম ২য় পত্র | ১১৮<br>২৭২ |
| ১. বাংলা (আবশ্যিক) ২য় পত্র<br>ফেনী জেলার ফুলগাজী উপজেলার (ফুলগাজী-১ : ৬০৭, ফুলগাজী-২ : ৬০৮) ও পরশুরাম উপজেলার (পরশুরাম : ৬০৬) কেন্দ্রসমূহের জন্য | ১০২ | ২০/১০/২০২৪<br>রবিবার | × | × |

বিঃ দ্রঃ ১৭/০৯/২০২৪ তারিখে অনুষ্ঠিতব্য প্রকৌশল অংকন ও ওয়ার্কশপ প্র্যাকটিস-১ম পত্রের পরীক্ষা পরীক্ষার্থীদের নিজ নিজ কলেজে অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ উক্ত তারিখ সকাল ৯.০০ টায় মূল কেন্দ্র হতে প্রশ্নপত্র সংগ্রহ করে পরীক্ষা গ্রহণ করবেন। ড্রইং শীটে পরীক্ষা গ্রহণ করতে হবে। তবে প্রবেশপত্রে উল্লিখিত কেন্দ্র কোড শিরোনামপত্রে এবং যাবতীয় কাগজপত্রে ব্যবহার করতে হবে।

## ব্যবহারিক পরীক্ষার সময়সূচি ঃ

| বিষয় | তারিখ | সময় | স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|
| অন্যান্য সকল বিষয়ের ব্যবহারিক পরীক্ষা | ১৫/১০/২০২৪ হতে ২৩/১০/২০২৪ তারিখ পর্যন্ত (উল্লিখিত তারিখের মধ্যে অবশ্যই পরীক্ষা সম্পন্ন করতে হবে এবং ২৪/১০/২০২৪ তারিখের মধ্যে ব্যবহারিক নম্বর অনলাইনে এন্ট্রি সম্পন্ন করে ভারপ্রাপ্ত কর্মকর্তা অথবা তাঁর প্রতিনিধিকে হাতে হাতে ব্যবহারিক উত্তরপত্র, স্বাক্ষরলিপি ও অন্যান্য কাগজপত্রাদি রোল নম্বরের ক্রমানুসারে সাজিয়ে অত্র বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের নির্দেশনা অনুযায়ী জমা দিতে হবে।) | | | পরীক্ষার্থী নিজ দায়িত্বে পরীক্ষার তারিখ, সময় ও স্থান নিজ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/ অধ্যক্ষের নিকট হতে জেনে নেবে। |

১৫/০৮/২৪

চলমান পাতা-২

## বিশেষ নির্দেশাবলি ঃ

১. পরীক্ষা শুরুর ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার্থীদেরকে পরীক্ষা কক্ষে আসন গ্রহণ করতে হবে।

২. প্রথমে বহুনির্বাচনী ও পরে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়) পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৩. • ৩০ নম্বরের বহুনির্বাচনী (MCQ) পরীক্ষার ক্ষেত্রে সময় ৩০ মিনিট এবং ৭০ নম্বরের সৃজনশীল (CQ) পরীক্ষার ক্ষেত্রে সময় ২ ঘন্টা ৩০ মিনিট।

• ব্যবহারিক বিষয় সম্বলিত পরীক্ষার ক্ষেত্রে ২৫ নম্বরের বহুনির্বাচনী (MCQ) অংশের জন্য সময় ২৫ মিনিট এবং ৫০ নম্বরের সৃজনশীল (CQ) অংশের জন্য সময় ২ ঘন্টা ৩৫ মিনিট।

• পরীক্ষা বিরতিহীনভাবে প্রশ্নপত্রে উল্লেখিত সময় পর্যন্ত চলবে। MCQ এবং CQ উভয় অংশের পরীক্ষার মধ্যে কোন বিরতি থাকবে না।

ক) সকাল ১০.০০ টা থেকে অনুষ্ঠেয় পরীক্ষার ক্ষেত্রে:
সকাল ০৯.৩০ মি. অলিখিত উত্তরপত্র ও বহুনির্বাচনী OMR সিট বিতরণ। সকাল ১০.০০ টা. বহুনির্বাচনী প্রশ্নপত্র বিতরণ।
সকাল ১০.৩০ মি. বহুনির্বাচনী উত্তরপত্র (OMR সিট) সংগ্রহ ও সৃজনশীল প্রশ্নপত্র বিতরণ। (২৫ নম্বরের বহুনির্বাচনী পরীক্ষার ক্ষেত্রে এ সময় ১০.২৫ মি.)

খ) দুপুর ০২.০০ টা থেকে অনুষ্ঠেয় পরীক্ষার ক্ষেত্রে:
দুপুর ০১.৩০ মি. অলিখিত উত্তরপত্র ও বহুনির্বাচনী OMR সিট বিতরণ। দুপুর ০২.০০ টা. বহুনির্বাচনী প্রশ্নপত্র বিতরণ।
দুপুর ০২.৩০ মি. বহুনির্বাচনী উত্তরপত্র (OMR সিট) সংগ্রহ ও সৃজনশীল প্রশ্নপত্র বিতরণ। (২৫ নম্বরের বহুনির্বাচনী পরীক্ষার ক্ষেত্রে এ সময় দুপুর ০২.২৫ মি.)

৪. প্রশ্নপত্রে উল্লিখিত সময় অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।

৫. পরীক্ষার্থীগণ তাদের প্রবেশপত্র নিজ নিজ প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে সংগ্রহ করবে।

৬. প্রত্যেক পরীক্ষার্থী সরবরাহকৃত উত্তরপত্রে তার পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড ইত্যাদি OMR ফরমে যথাযথভাবে লিখে বৃত্ত ভরাট করবে। কোন অবস্থাতেই মার্জিনের মধ্যে লিখা কিংবা অন্য কোন প্রয়োজনে উত্তরপত্র ভাঁজ করা যাবে না।

৭. পরীক্ষার্থীকে তত্ত্বীয়, বহুনির্বাচনী ও ব্যবহারিক অংশে (প্রযোজ্য ক্ষেত্রে) পৃথকভাবে পাস করতে হবে।

৮. প্রত্যেক পরীক্ষার্থী কেবল রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্রে উল্লিখিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোন অবস্থাতেই অন্য বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

৯. কোন পরীক্ষার্থীর পরীক্ষা নিজ কলেজ/ প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে না, পরীক্ষার্থী স্থানান্তরের মাধ্যমে আসন বিন্যাস করতে হবে।

১০. পরীক্ষার্থীগণ পরীক্ষায় সাধারণ সাইন্টিফিক ক্যালকুলেটর (Non Programmable) ব্যবহার করতে পারবে। প্রোগ্রামিং ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

১১. পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ছাড়া অন্য কেউ মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন না এবং কোন পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন আনতে পারবে না।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

১৫/০৮/২৪

(ড. মোঃ আসাদুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন ঃ ০২৩৩৪৪০৬১৭২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ অনুলিপি দেয়া হল (ক্রম জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়) ঃ

০১. মাননীয় সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
০৩. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
০৪. অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা প্রশাসক/পুলিশ সুপার/উপজেলা নির্বাহী অফিসার
০৫. অত্র বোর্ডের অনুমোদিত উচ্চমাধ্যমিক পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ
০৬. অত্র বোর্ডের অনুমোদিত কলেজ/স্কুল ও কলেজসমূহের অধ্যক্ষবৃন্দ
০৭. অত্র বোর্ডের সকল কর্মকর্তা
০৮. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত সহকারী
০৯. অত্র বোর্ডের ওয়েবসাইট
১০. সংশ্লিষ্ট নথি